

বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র উদ্বোগে বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র শিক্ষা সফর রেপটাইল পার্ক।

বাংলাদেশ সোসাইটি অব সিডনী পরিচালিত রকডেলে অবস্থিত বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র শিক্ষা সফর ২০১০ অনুষ্ঠিত হয়ে গেল। এবারের শিক্ষা সফরে ৪৫ জনের একটি দল শিক্ষা সফর রেপটাইল পার্ক ও নেলসন বে তে বোটে করে ডলফিন দেখা অন্তর্ভুক্ত ছিল।

সম্প্রতি ৪৫জনের এইদলটি সারাদিনের জন্য একটি বাস ভাড়া করে রকডেলস্থ বাংলা স্কুল থেকে রওয়ানা হয়ে রেপটাইল পার্কে যায়। এসময়ে বাংলা স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবকরা বিভিন্ন শো তে অংশগ্রহণ করে। এর মধ্যে তাসমানিয়ান ডেভল শো, এলিগেটরদের খাওয়ানোর শো দুটি খুবি আকর্ষণীয় ছিল।

এসব শো ছাড়াও পার্কের অন্নান্য পশুপাখীর সাথে প্রায় ৩ঘন্টা অবস্থান করে। এসময়ে দলটির সবাই খুবি আনন্দিত ও ব্যস্ত সময় কাটিয়েছে।

এরপর আবার বাসে উঠে যাত্রা শুরু হয় নেলসন বে'র উদ্দেশ্যে। নেলসন বে তে শিক্ষা সফরের এই দলটি একটি দোতলা বোটে করে ডলফিন ওয়াচের উদ্দেশ্যে রওয়ানা করে। ডলফিন ওয়াচের স্থানে পৌছে দোতলা এই নৌযানটি থেমে যায়।

চারিদিকে পানি ও ডলফিনের ছরাছরি। সকলেই ছুটাছুটি শুরু করে বোটটির চারিদিক থেকে ডলফিন দেখার জন্য। মনমুগ্ধকর এই দৃশ্যটি দীর্ঘদিন সবার মনে থাকবে। এরপর তীরে এসে বোট থেকে নেমে আবারো বাসে উঠা এবং সিডনীর উদ্দেশ্যে রওয়ানা।

বাসের ভিতরে ছিল মাইক্রোফোনের সুবিধা। এই সুযোগে মাইক্রোফোন ধরে নানা ধরনের আকর্ষণিয় ধাধা, কৌতুক, গান ও সকলের অংশগ্রহনে এই সফরের অভিমত জানান।

এবারের শিক্ষা সফরের এই দিনটি সকলের কাছে খুবি উপভোগ্য ছিল। শিক্ষা সফরের পরিচালনায় ছিলেন বাংলাদেশ কালচারাল স্কুলের প্রিনিসপ্যাল ড: মোহাম্মদ হাবিব উল্লাহ। সফর সংগী হিসেবে ছিলেন বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র সভাপতি সর্ব জনাব শহীদুজ্জামান আলো, প্রাক্তন সভাপতি নাজমুল হৃদা, সহ সভাপতি হায়াত মাহমুদ, সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী, ক্রীড়া সম্পাদক নাজমুল ইসলাম এবং ছাত্র-ছাত্রীদের অভিভাবক হিসেবে অনেকেই সফর সংগী হিসেবে ছিলেন।

বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র উদ্দোগে
পরিচালিত বাংলাদেশ কালচারাল স্কুল সিডনীতে
ছাত্র-ছাত্রী ভর্তি চলছে

গত ৫ বছর ধরে অভিজ্ঞ শিক্ষক- শিক্ষীকা দারা পরিচালিত
প্রতি রবিবার সকাল ১০ টা থেকে
কোন প্রকার স্কুল ফি নেই
পবিত্র কুরআন শিক্ষা, বাংলা ভাষা ও ড্রেস
রকঙেল পাবলিক স্কুল (**Lord street, Rockdale**)

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন:

ড: মোহাম্মদ হাবিব উল্লাহ।
প্রিমিপ্যাল
95468160

শহীদুজ্জামান আলো
সভাপতি
9597777







